**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**3 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ গৌহাটি ও উত্তর লক্ষ্মিমপুরের মধ্যে চলাচল করানো নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেন সহ আরো দুটি ট্রেনে যাত্রার আনুষ্ঠানিক শুভারম্ভ ।

২) নাইলেট বিশ্ববিদ্যালয় রাজ্যের শিক্ষা জগতে নতুন দিগন্তের সূচনা করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

৩) আকাশবাণী কোকরাঝার কেন্দ্রের ১০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন এফ এম ট্রান্সমিটর আনুষ্ঠানিকভাবে রাজ্যবাসীর সেবায় উৎসর্গ ।

৪) প্রাক্তন স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লার আজ মনিপুরের নতুন রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ ।

---

কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ গৌহাটি ও উত্তর লক্ষ্মিমপুরের মধ্যে চলাচল করানো নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেনটির যাত্রার আনুষ্ঠানিক শুভারম্ভ করেন । তিনি আজ পতাকা নাড়িয়ে তিনসুকীয়া-নাহরলগুন এবং গৌহাটি-নিউ বঙ্গাইগাও যাত্রীবাহী রেল দুটিরও যাত্রার শুভারম্ভ করেন ।

গৌহাটি রেলষ্টেশনে আজ এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় রেল মন্ত্রী বলেন যে ২০২৪-২৫ সালে উত্তর-পূর্বাঞ্চলের রেল ক্ষেত্রের বিকাশের জন্য ১০ হাজার কোটি টাকার অনুমোদন দেওয়া হয়েছে । উত্তর-পূর্বাঞ্চল এখন থেকে দেশের নতুন ইঞ্জীন বলে উল্লেখ করে শ্রী বৈষ্ণ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তর-পূর্বাঞ্চলের বিকাশের জন্য লুক-ইষ্ট নীতি পরিবর্তন করে এক্ট-ইষ্ট নীতিতে রূপান্তর করেছেন । উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামোর উন্নয়নের জন্য বাজেটে এক লক্ষ ২৫ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

উল্লেখ্য যে এই নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেনটি ব্রম্মপুত্রের উত্তর পারের সঙ্গে রেল যোগাযোগ ব্যবস্থা সুচল করে তুলবে । প্রসঙ্গত তিনি জাগীরোডে জাতীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান স্থাপনের কথা উল্লেখ করে বলেন যে এই প্রতিষ্ঠান যুবক-যুবতীদের বৈদ্যুতিন , সেমি কন্ডাক্টর , কৃত্রিম বুদ্ধিমত্তা ইত্যদি বিভিন্ন ক্ষেত্রে কাজের জন্য দক্ষ করে তুলবে ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে ২০৪৭ সালের মধ্যে ভারতকে বিকশিত ভারত হিসেবে গড়ে তুলতে প্রযুক্তিবিদ্যা বিশেষভাবে সহায়তা করবে । এ ক্ষেত্রে নাইলেট বিশ্ববিদ্যালয় রাজ্যের শিক্ষা জগতে নতুন দিগন্তের সূচনা করবে করবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণকে আগামী ২৫ ফেব্রয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম সম্মিলনে উপস্থিত থাকার আমন্ত্রণ জানান ।

আজকের এই অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য , কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা বিভাগের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , আকাশবাণীর সঞ্চালক প্রধান প্রজ্ঞা পালিয়াল গৌর সহ অন্যান্য কয়েকজন মন্ত্রী ও সাংসদ উপস্থিত ছিলেন ।

---

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ গৌহাটিতে আয়োজিত এই অনুষ্ঠানে ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আকাশবাণী কোকরাঝার কেন্দ্রের ১০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন এফ এম ট্রান্সমিটারেরও আনুষ্ঠানিকভাবে রাজ্যবাসীর সেবায় উৎসর্গ করেন । আকাশবাণী কোকরাঝার কেন্দ্র বি টি আর-এর জনসাধারণের দীর্ঘদিনের স্বপ্ন পূরণ করতে সক্ষম হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । ১৯শো ৯৯ সালের ১৫ আগষ্ট থেকে জনসাধারণের সুবিধায় সেবা প্রদান করে আসা এই কেন্দ্রের নতুন এফ এম ট্রান্সমিটারটি মোট ৭০ কিলোমিটার ব্যাসার্ধ পর্যন্ত বসবাসরত শ্রোতাদের সেবা প্রদান করবে । এর ফলে কোকরাঝার এবং এর পার্শবর্তী অঞ্চল ধুবরী , বঙ্গাইগাও এবং চিরাং জেলার

শ্রোতারাও আজ থেকে এফ এম বেগুর ১০২ ম্যাগাহারডজে আকাশবাণী কোকরাঝারের অনুষ্ঠান শুনতে পাবেন । গৌহাটিতে আয়োজিত অনুষ্ঠানের সমান্তরালভাবে কোকরাঝার বিজ্ঞান মহাবিদ্যালয়ের প্রেক্ষাগৃহে এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বি-টি-সির মুখ্য কার্যবাহী সদস্য প্রমোদ বড়ো , কোকরাঝার লোকসভা আসনের সাংসদ জয়ন্ত বসুমাতারী , রাজ্যসভার সাংসদ রণগৌড়া নার্জারী সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরাও উপস্থিত ছিলেন ।

---

রাজ্যসরকার প্রতিবছর ১৩ মে দিনটি অন্ধবিশ্বাস বিরোধী দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । ডাইনী হত্যার মতো সামাজিক ব্যাধির বিরুদ্ধে লড়াই করা পদ্মশ্রী সম্মানে ভূষিত বীরুবালা রাভার মৃত্যু দিনটি অন্ধবিশ্বাস বিরোধী দিবস হিসেবে পালন করতে রাজ্যপালের অনুমোদন সাপেক্ষে মহিলা ও শিশু বিকাশ বিভাগ বিজ্ঞপ্তি জারী করেছে । বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে সমাজের জন্য ক্ষতিকারক অন্ধবিশ্বাসের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে  এই দিবস পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । রাজ্যের ২১৯ টি খন্ডে আর্যভট্ট বিজ্ঞান কেন্দ্র এই দিবসে বিভিন্ন কার্যসূচী রূপায়ন করবে ।

---

ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান , আই আই টি গৌহাটী ও কোলকাতার বসু প্রতিষ্ঠানের একটি গবেষক দল স্তন ক্যান্সারের চিকিৎসার জন্য উদ্ভাবনীমুলক হাইড্রোজেল প্রস্তুত করেছে । এই উদ্ভাবনীমুলক হাইড্রোজেল ভিত্তিক চিকিৎসার সহায়তায় টিউমারের স্থানে সরাসরি কর্কট রোগ প্রতিরোধকারী ঔষধ প্রেরণ করা যাবে । এরফলে ক্যান্সারের গতানুগতিক চিকিৎসার সঙ্গে জড়িত পার্শ্বপ্রতিক্রিয়া অনেকটা হ্রাস পাবে । এই গবেষণা তথ্যসমূহ রয়েল সোসাইটি অব কেমেষ্ট্রির গবেষণা হরাইজন প্রকাশ করেছে ।

---

প্রাক্তন স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা আজ মনিপুরের নতুন রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করেছেন । ইম্ফাল রাজভবণের দরবার হলে আয়োজিত আজ এক অনারম্বর অনুষ্ঠানে মনিপুর হাইকোর্টের প্রধান বিচারপতি ডি কৃষ্ণকুমার শ্রী ভাল্লকে পদ ও

গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । তিনি লক্ষন প্রসাদ আচার্যর স্থলাভিশিক্ত হয়েছেন , শ্রী প্রসাদ ২০২৪ সালের জুলাই মাস থেকে মনিপুরের অস্থায়ী রাজ্যপালের দায়িত্ব পালন করে আসছিলেন । উল্লেখ্য যে ১৯শো ৮৪ সালের আসাম-মেঘালয় ক্যাডারের অবসরপ্রাপ্ত প্রশাসনিক আধিকারিক শ্রী অজয় কুমার ভাল্লা ২০২৪ সালের আগাষ্ট মাস পর্যন্ত কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরের মুখ্য সচিব পদে কার্যনির্বাহ করেছেন ।

মনিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং , মনিপুর বিধানসভার অধ্যক্ষ ঠকচম সত্যব্রত সহ রাজ্য মন্ত্রীসভার সদস্যরাও আজকের এই শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

---

গত ১০ বছরে দেশে ৩৬ শতাংশ রেকর্ড সংখ্যক কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে । কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রনালয়ের প্রকাশ করা তথ্য আনুসারে ২০১৪ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত ১৭ কোটির অধিক অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে । গত বছর প্রায় ৪ কোটি ৬০ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে বলেও মন্ত্রনালয় সূত্রে প্রকাশ করা হয়েছে । সূত্র অনুসারে ২০১৪ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত এই ১০ বছরে ৩৬ শতাংশ কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে । ২০০৪ সাল থেকে ২০১৪ সালের তুলনায় এই বৃদ্ধির হার ৭ শতাংশ বেড়েছে । ইউ পি এ সরকারের আমলের ২০০৪ থেকে ২০১৪ সালের তুলনায় ২ কোটি ৯০ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে বলেও সূত্রে উল্লেখ করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের আমলে কৃষি ক্ষেত্রে ১৯ শতাংশ কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে । একই ভাবে নির্মান ক্ষেত্রে ১৫ শতাংশ এবং সেবা ক্ষেত্রে ৩৬ শতাংশ কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে ২০১৭-১৮ সালের ৬ শতাংশের তুলনায় ২০২৩-২৪ সালে বেকারত্বের হার ৩ দশমিক ২ শতাংশ হ্রাস পেয়েছে ।

---

রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া ( আর বি আই ) জানিয়েছে যে হিসেব অনুযায়ী ২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত  ৬ হাজার ৬শো ৯১ কোটি টাকার ২ হাজার টাকার নোট বাজারে

রয়েছে । আর বি আই জানিয়েছে যে ২০২৩ সালের মে মাস পর্যন্ত বাজারে থাকা ৩ লক্ষ ৫৬ হাজার কোটি টাকা মূল্যের ৯৮ দশমিক ১-২ শতাংশ ২ হাজার টাকার নোট ব্যাঙ্কে ফেরৎ এসেছে । উল্লেখ্য যে ২০২৩ সালের ১৯ মে আর বি আই ২ হাজার টাকার নোট ব্যাঙ্কে জমা দেওয়ার কথা ঘোষণা করেছিল এবং ৭ অক্টোবরের মধ্যে ২ হাজার টাকা মূল্যের নোট দেশের যে কোন ব্যাঙ্কে জমা দিয়ে সমমূল্যের অন্য নোট নেওয়ার জন্য জনসাধারণের কাছে আবেদন জানিয়েছিল ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও  জাতীয় সড়ক মন্ত্রণালয় আসাম ও অরুণাচল প্রদেশের জাতীয় সড়কের উন্নয়নের জন্য সম্প্রতি ৫২০ কোটি টাকা বরাদ্দ করেছে । গত ৩১ শে ডিসেম্বর সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রণালয়ের গৌহাটী ও ইটানগরের আঞ্চলিক কার্যালয়ে পত্র মারফৎ একথা জানানো হয়েছে ।  পত্রে উল্লেখ করা হয়েছে যে কেন্দ্রীয় সরকার ২০২৪-২৫ বর্ষের জন্য বরাদ্দকৃত এই অর্থের মধ্যে আসামের জন্য ২৯০ কোটি এবং অরুণাচলের জন্য ২৩০ কোটি টাকা ধার্য করেছে । উত্তর-পূর্বাঞ্চলের বিশেষ সড়ক উন্নয়ন প্রকল্পের অধীনে বরাদ্দ করা এই অর্থ উভয় রাজ্যের আঞ্চলিক কার্যালয়কে লোক নির্মাণ বিভাগ ও সীমান্ত সড়ক সংস্থাকে দিতে হবে । এই অর্থ দিয়ে আসাম ও অরুণাচলের দ্বৈত ও চারটি লেনযুক্ত জাতীয় সড়ক ও জেলাগুলিতে থাকা মহাসড়কের উন্নয়নের কাজ করা হবে ।

---

শ্রীভূমি জেলার অতিরিক্ত ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে এরালিগুলের ১৫তম এ পি ব্যাটেলিয়ান ফায়ারিং রেঞ্জে আগামীকাল বার্ষিক গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে মহড়ার সময় কোন ধরনের অবাঞ্চিত দূর্ঘটনা প্রতিরোধে , রেঞ্জ সংলগ্ন এলাকার জনগনকে সাবধানতা অবলম্বন করে চলাফেরা করতে জেলা প্রশাসন থেকে সর্তক করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার কানিশাইল জাতীয় সড়কে আজ এক সড়ক দূর্ঘটনায় একজন স্কুল ছাত্রীর মৃত্যু হয়েছে এবং অন্য একজন ছাত্রী আহত হয়েছে । আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতা জানিয়েছেন যে দ্রুত গতিতে আসা একটি ট্রাকের ধাক্কায় স্কুল ছাত্রী হুমাইয়া সিদ্দিকীর ঘটনাস্থলেই মৃত্যু হয় এবং হাফিজা সিদ্দিকী নামের আরেকজন আহত ছাত্রীকে শ্রীভূমি চিকিৎসা হাসপাতালে ভর্তি করা হয়েছে । শ্রীভূমি সদর রাজস্ব চক্র আধিকারীক ক্রিষ্টিয়ানা এনগামলাই ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন ।

---

শ্রীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শ্রীভূমি শহরের নটিয়াখালের সৌন্দর্যা বৃদ্ধি করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে । বিজ্ঞপ্তীতে নটিয়াখালের সৌন্দর্য বৃদ্ধি করার কাজের ডি পি আর প্রস্তুত করার জন্য ইচ্ছুক কনসালটেন্টদের পৌর কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ শিলচর ইটখলায় আয়োজিত এক সভায় স্মার্ট মিটার আন্দোলনের সর্বশেষ অবস্থা নিয়ে আলোচনা করা হয়েছে । রাজ্য সরকার আগামী এপ্রিল মাস থেকে বিদ্যুৎ মাশুল ইউনিট প্রতি এক টাকা ৫০ পয়সা করে হ্রাস করার যে সিদ্ধান্ত নিয়েছে , তা কনজুমার্স এসোসিয়েশন ও রাজ্যের সর্ব শ্রেনীর জনসাধারনের দীর্ঘ আন্দোলনের ফসল বলে সভায় জানানো হয়েছে । আজকের সভায় দীপংকর চন্দ , চাম্পালাল দাস , সঞ্জীব রায় ,খাদেজা বেগম লস্কর প্রমূখ বক্তব্য রাখেন ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে আগামীকাল থেকে সম্পূর্ন বিনামূল্যে দশ দিনের খাদ্য প্রক্রিয়াকরনের উপর বিশেষ প্রশিক্ষন কর্মশালা শুরু হবে । দশ দিনের এই প্রশিক্ষন কর্মশালায় কেইক , বন ,বরফি , মমো সহ খাদ্য তৈরীর প্রশিক্ষন প্রদান করা হবে । ইচ্ছুক প্রশিক্ষার্থীদের বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে । বিশদ বিবরন পি এন বি আর সেটি কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---